



আলোচ্য বিষয়

গুণের ধারণা



শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

শিখন অভিজ্ঞতার মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

- গুণের প্রাথমিক ধারণা লাভ করে দৈনন্দিন জীবনে সমস্যা সমাধানে তা উৎসাহের সাথে প্রয়োগ করতে পারব।

অধ্যায়ের শিখনফল

- গুণের ধারণা লাভ করে গুণ করতে পারব।
- ছবি বা কথায় বর্ণিত তথ্যের গাণিতিক রূপ দিতে পারব।
- হাতে না রেখে অনূর্ধ্ব দুই অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দ্বারা গুণ করতে পারব।
- গুণের নামতা (১ থেকে ১০ পর্যন্ত) বলতে ও ব্যবহার করতে পারব।
- দৈনন্দিন জীবনে গুণ সংক্রান্ত সমস্যা উৎসাহের সাথে সমাধান করতে পারব।
- শূন্য দ্বারা কোনো সংখ্যাকে গুণ করতে বা শূন্যকে কোনো সংখ্যা দ্বারা গুণ করতে পারব।
- তৈরিকৃত প্যাটার্ন যৌক্তিকভাবে ব্যাখ্যা করতে পারব।
- পরিবেশের বিভিন্ন উপাদান ও সংখ্যার মধ্যে উৎসাহের সাথে প্যাটার্ন খুঁজে বের করতে পারব।
- সংখ্যা বিনিময় করে গুণ করলে গুণফলের যে পরিবর্তন হয় না তা বলতে ও লিখতে পারব।

যোগ্যতাভিত্তিক মূল্যায়ন ক্ষেত্র

- জ্ঞান**
  - দল ও দলের বস্তু সম্পর্কে ধারণা
  - যোগ ও গুণ চিহ্নের ধারণা
  - ২, ৩, ৫ এর সাথে বিভিন্ন সংখ্যার গুণের ধারণা
  - ২ থেকে ১০ এর নামতা বলতে পারার ধারণা
  - গাণিতিক বাক্য লিখার এবং গাণিতিক বাক্যের ফাঁকা ঘর পূরণের ধারণা
  - সংখ্যা বিনিময় করে গুণ করার ধারণা
  - হাতে না রেখে দুই অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দ্বারা গুণ করার কৌশল
- দক্ষতা**
  - গুণ চিহ্ন ব্যবহার করে হিসাব নির্ণয়
  - ০ থেকে ১০ এর নামতা ব্যবহার করে বাস্তবভিত্তিক সমস্যার গাণিতিক বাক্য লিখা ও ফলাফল নির্ণয়
  - বাস্তব সমস্যা বিশ্লেষণ করে বুঝে গুণ করে সঠিক ফলাফল নির্ণয়
  - বাস্তব সমস্যার গাণিতিক বাক্য তৈরি
- দৃষ্টিভঙ্গি**
  - আগ্রহের সাথে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ
  - অনুশীলনের কাজগুলো উৎসাহের সাথে দ্রুত সম্পূর্ণকরণ
- মূল্যবোধ**
  - বস্তুনিষ্ঠতা ও সহযোগিতার মনোভাব পোষণ।



# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক  
সহায়িকার সূত্র সংবলিত



প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ অধ্যায়ে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে তৈরিকৃত নিচের পাঠগুলো ভালোভাবে অনুশীলন করো। পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শিখনকালীন মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি




বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

পাঠ ১ গুণের ধারণা

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১১৮

নিচের ছবিতে কয়েকটি থালায় আপেল, আলু, মাছ ও কলা সাজানো আছে।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৭৩ এর সমাধান



মাছ ও আলু কয়টি থালায় কয়টি করে আছে?



৫টি থালায় ৪টি করে মাছ আছে।



৫টি থালায় ৩টি করে আলু আছে।

মাছ  $8 + 8 + 8 + 8 + 8 = 20$   
= ২০ টি মাছ

আলু  $3 + 3 + 3 + 3 + 3 = 15$   
= ১৫ টি আলু

এটি একটি গাণিতিক বাক্য।







এটি একটি গাণিতিক বাক্য।

পাঠ ২ গুণের ধারণা

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২১

আপেল ও কলা কতগুলো আছে?

পাঠ্যবই, পৃষ্ঠা-৭৪ এর কাজের সমাধান

 ● ●	 ● ●	 ● ●	 ● ●	 ● ●
 ● ● ● ●				

উপরের ৫টি থালার প্রত্যেকটিতে ২টি করে আপেল আছে। সেখানে কতগুলো আপেল আছে?



উপরে ৪ ছড়া কলা রয়েছে। প্রত্যেক ছড়ায় ৪টি করে কলা আছে। সেখানে কতগুলো কলা আছে?







সমাধান : আপেল গণনার জন্য গাণিতিক বাক্য লিখি

কলা গণনার জন্য গাণিতিক বাক্য লিখি

$$2 + 2 + 2 + 2 + 2 = \boxed{10} \quad \underline{10 \text{টি আপেল}}$$

$$8 + 8 + 8 + 8 = \boxed{32} \quad \underline{32 \text{টি কলা}}$$

২ যদি আমরা আরও ১টি থালা যুক্ত করি তাহলে সেখানে কতগুলো আপেল হবে? ▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৭৪ এর কাজের সমাধান

 ● ●	 ● ●	 ● ●	 ● ●	 ● ●	 ● ●
---	---	--	---	---	---

সমাধান : ছবিতে ৬টি থালা আছে এবং প্রতিটিতে ২টি করে আপেল আছে। আরও একটি থালা যুক্ত করলে মোট ৭টি থালা হবে।

গাণিতিক বাক্য

$$2 + 2 + 2 + 2 + 2 + 2 + \boxed{2} = \boxed{18}$$





১৮ টি আপেল

## পাঠ ৩ গুণের ধারণা

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৩

১ গুণ চিহ্ন ব্যবহার করে হিসাব করি।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৭৭ এর কাজের সমাধান

	$2 \times 5 = 10$ ১০ টি আপেল
	$3 \times 5 = 15$ ১৫ টি আলু
	$8 \times 3 = 24$ ২৪ টি মাছ
	$8 \times 2 = 16$ ১৬ টি কলা

২ নিচের প্রত্যেক বস্তুর জন্য গুণের গাণিতিক বাক্য লিখি এবং গুণ করে উত্তর লিখি : ▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৭৮ এর কাজের সমাধান



সমাধান : ৫টি ট্রে আছে এবং প্রত্যেকটি ট্রেতে ৩টি করে বল আছে।

গাণিতিক বাক্য :  $3 \times 5 = 15$ অথবা  $3 + 3 + 3 + 3 + 3 = 15$ 

উত্তর : ১৫টি বল।

গাণিতিক বাক্য :  $8 \times 5 = 20$ অথবা  $8 + 8 + 8 + 8 + 8 = 20$ 


উত্তর : ২০টি আপেল।

২।



সমাধান : ৫টি থালার প্রত্যেকটিতে ৮টি করে আপেল আছে।

৩।



সমাধান : ৪টি ফুলের তোড়া আছে এবং প্রত্যেক তোড়ায় ৮টি করে ফুল আছে।

গাণিতিক বাক্য :  $8 \times 4 = 32$ অথবা  $8 + 8 + 8 + 8 = 32$ 

উত্তর : ৩২টি ফুল।


পাঠ ৪ ৫ এর গুণ

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৫



ছবিতে ৪টি থালার প্রত্যেকটিতে ৫টি করে টমেটো আছে। একত্রে কতগুলো টমেটো আছে?

পাঠ্যবই, পৃষ্ঠা ৭৮ এর মূল প্রশ্নের সমাধান



সমাধান : ৪টি থালার প্রত্যেকটিতে ৫টি করে টমেটো আছে।

গাণিতিক বাক্য :  $৫ \times ৪ = ২০$  অথবা,  $৫ + ৫ + ৫ + ৫ = ২০$

একত্রে ২০টি টমেটো আছে।

১ নিচের ছবি অনুযায়ী ৩টি বা ৪টি থালায় কতগুলো টমেটো আছে বের করি। ২টি করে দেওয়া আছে।

পাঠ্যবই, পৃষ্ঠা-৭৯ এর কাজের সমাধান



$$৫ \times ১ = ৫$$



$$৫ \times ২ = ১০$$



$$৫ \times ৩ = ১৫$$



$$৫ \times ৪ = ২০$$

২ উপরের ছবি অনুযায়ী যেকোনো ৫টি থালায় কতগুলো টমেটো আছে?

পাঠ্যবই, পৃষ্ঠা-৭৯ এর কাজের সমাধান



যখন থালার সংখ্যা বৃদ্ধি পায়, তখন টমেটোর সংখ্যা কীভাবে বৃদ্ধি পাবে?

আমার মনে হয় থলার সংখ্যা ও টমেটোর সংখ্যার মধ্যে একটি সম্পর্ক আছে।



সমাধান : গাণিতিক বাক্য :  $৫ \times ৫ = ২৫$   
৫টি থালায় ২৫টি টমেটো আছে।

পাঠ ৫ ৫ এর গুণের নামতা শিখি

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৮

৫ এর গুণের নামতা শিখি

৬টি থালায় প্রতিটিতে ৫টি করে লিচু আছে। একত্রে কতগুলো লিচু আছে? পাঠ্যবই, পৃষ্ঠা-৮০ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $৫ \times ৬ = ৩০$

একত্রে ৩০টি লিচু আছে।

## পাঠ ৬ ২ এর গুণ

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৩০

## ২ এর গুণ



চার জোড়া শিশু খেলছে। মোট কতজন শিশু খেলছে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৮১ এর মূল প্রশ্নের সমাধান



সমাধান : ছবি অনুযায়ী প্রতি জোড়ায় ২ জন করে শিশু খেলছে।

গাণিতিক বাক্য :  $২ \times ৪ = ৮$ 

মোট ৮ জন শিশু খেলছে।

নিচের ছবি অনুযায়ী কতজন শিশু আছে তা বের করি।



$২ \times ১ = ২$



$২ \times ২ = ৪$



$২ \times ৩ = \boxed{৬}$



$২ \times ৪ = \boxed{৮}$

১ একইভাবে ৫, ৬, ৭, ৮, ৯ বা ১০ জোড়ায় কতজন শিশু আছে?

$২ \times ৫ = ১০$

$২ \times ৬ = ১২$

$২ \times ৭ = ১৪$

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮১ এর কাজের সমাধান

$২ \times ৮ = ১৬$

$২ \times ৯ = ১৮$

$২ \times ১০ = ২০$



জোড়ায় সংখ্যা বৃদ্ধি হলে কীভাবে শিশুর সংখ্যা বৃদ্ধি হয়?

সমাধান : জোড়ায় সংখ্যা যত বৃদ্ধি পাবে শিশুর সংখ্যা তত গুণ বৃদ্ধি পাবে।

## পাঠ ৮ ২ এর গুণের নামতা শিখি

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৩৫

১ মিনা প্রতিদিন একটি বইয়ের ২ পৃষ্ঠা পড়ে। সে ৭ দিনে কত পৃষ্ঠা পড়ে? ▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৩ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $২ \times ৭ = ১৪$ 

সে ৭ দিনে ১৪ পৃষ্ঠা পড়ে।

▶ বিকল্প পদ্ধতি

মিনা ১ দিনে পড়ে ২ পৃষ্ঠা

মিনা ৭ দিনে পড়ে  $৭ \times ২$  পৃষ্ঠা

$= ১৪$  পৃষ্ঠা

অতএব, সে ৭ দিনে ১৪ পৃষ্ঠা পড়ে।

২ একটি চকলেটের দাম ২ টাকা। রাজু ৬টি চকলেট কিনল। ▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৩ এর অনুশীলনের সমাধান

(১) চকলেটগুলোর দাম কত টাকা?

(২) যদি সে আরও ৭টি চকলেট কিনে, তবে কত টাকা লাগবে?

সমাধান : (১) গাণিতিক বাক্য :  $২ \times ৬ = ১২$ 

চকলেটের দাম ১২ টাকা।

(২) '১' হতে পাই, ৬টি চকলেটের দাম ১২ টাকা

আরও ৭টি চকলেটের দাম  $২ \times ৭ = ১৪$  টাকামোট দাম  $১২ + ১৪ = ২৬$  টাকা

তাহলে, মোট ২৬ টাকা লাগবে।



৩ এর গুণের নামতা তৈরি করি।

পাঠ্যবই, পৃষ্ঠা ৮৪ এর মূল প্রশ্নের সমাধান

সমাধান :

৩ এর গুণের নামতা	
$3 \times 1$	$= 3$
$3 \times 2$	$= 6$
$3 \times 3$	$= 9$
$3 \times 4$	$= 12$
$3 \times 5$	$= 15$
$3 \times 6$	$= 18$
$3 \times 7$	$= 21$
$3 \times 8$	$= 24$
$3 \times 9$	$= 27$
$3 \times 10$	$= 30$

১ নিচের ছবি অনুযায়ী কতগুলো বল আছে বের করি।

পাঠ্যবই, পৃষ্ঠা-৮৪ এর কাজের সমাধান

$3 \times 1 = 3$

$3 \times 2 = 6$

$3 \times 3 = 9$

$3 \times 4 = 12$

২ যে সংখ্যা দিয়ে গুণ করা হয় তা ১ করে বৃদ্ধি করলে গুণফল কীভাবে বৃদ্ধি পায়? পাঠ্যবই, পৃষ্ঠা-৮৪ এর কাজের সমাধান

সমাধান : যে সংখ্যা দিয়ে গুণ করা হয় তা ১ করে বৃদ্ধি করলে যে সংখ্যাকে গুণ করা হয় গুণফলে ঐ সংখ্যাই বৃদ্ধি পায়।

অথবা, যে সংখ্যাকে গুণ করা হয় গুণফলে ঐ সংখ্যাই বৃদ্ধি পায়।

৩ ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০ টি ট্রেতে কতটি বল আছে?

পাঠ্যবই, পৃষ্ঠা-৮৪ এর কাজের সমাধান

সমাধান : প্রতিটি ট্রেতে ৩টি করে বল আছে। তাহলে, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০টি ট্রেতে বল আছে,

- $3 \times 5 = 15$
- $3 \times 6 = 18$
- $3 \times 7 = 21$
- $3 \times 8 = 24$
- $3 \times 9 = 27$
- $3 \times 10 = 30$

$3 \times 5 = 15$

$3 \times 6 = 18$

$3 \times 7 = 21$

$3 \times 8 = 24$

$3 \times 9 = 27$

$3 \times 10 = 30$

## পাঠ ১০ ৩ এর গুণের নামতা শিখি

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৩৯

১ একটি রিক্সায় ৩টি চাকা আছে। ৪টি রিক্সায় একত্রে কয়টি চাকা রয়েছে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৫ এর অনুশীলনের সমাধান

সমাধান : এখানে, ৪টি রিক্সায় প্রতিটিতে ৩টি চাকা আছে।

গাণিতিক বাক্য :  $৩ \times ৪ = ১২$

৪টি রিক্সায় একত্রে ১২টি চাকা আছে।

## ▶ বিকল্প পদ্ধতি

১টি রিক্সায় চাকা আছে ৩টি

∴ ৪টি রিক্সায় চাকা আছে =  $৩ \times ৪$   
= ১২টি

অতএব, ৪টি রিক্সায় একত্রে ১২টি চাকা আছে।

২ একটি থালায় ৩টি পেয়ারা সাজানো যায়। ৭টি থালা সাজাতে কয়টি পেয়ারার প্রয়োজন?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৫ এর অনুশীলনের সমাধান

সমাধান : এখানে, ৭টি থালায় প্রতিটিতে ৩টি পেয়ারা সাজানো যায়।

গাণিতিক বাক্য :  $৩ \times ৭ = ২১$

৭টি থালা সাজাতে ২১টি পেয়ারা প্রয়োজন।

## ▶ বিকল্প পদ্ধতি

১টি থালায় পেয়ারা সাজানো যায় ৩টি

∴ ৭টি থালায় পেয়ারা সাজানো যায় =  $৩ \times ৭$   
= ২১টি

অতএব, ৭টি থালা সাজাতে ২১টি পেয়ারার প্রয়োজন।

৩ একটি পরিবারে ৩ জন সদস্য থাকলে এরূপ ৯টি পরিবারে কতজন সদস্য থাকবে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৫ এর অনুশীলনের সমাধান

সমাধান : এখানে, ৯টি পরিবারের প্রতিটিতে ৩ জন সদস্য থাকবে।

গাণিতিক বাক্য :  $৩ \times ৯ = ২৭$

৯টি পরিবারে ২৭ জন সদস্য থাকবে।

## ▶ বিকল্প পদ্ধতি

১টি পরিবারে ৩ জন সদস্য

∴ ৯ পরিবারে =  $৩ \times ৯$  জন  
= ২৭ জন

অতএব, ৯টি পরিবারে ২৭ জন সদস্য থাকবে।

## পাঠ ১১ ৪ এর গুণ

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৪১



## ৪ এর গুণের নামতা তৈরি করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৮৬ এর মূল প্রশ্নের সমাধান

সমাধান : ৪ এর গুণের নামতা :

৪ এর গুণের নামতা

$$৪ \times ১ = ৪$$

$$৪ \times ২ = ৮$$

$$৪ \times ৩ = ১২$$

$$৪ \times ৪ = ১৬$$

$$৪ \times ৫ = ২০$$

$$৪ \times ৬ = ২৪$$

$$৪ \times ৭ = ২৮$$

$$৪ \times ৮ = ৩২$$

$$৪ \times ৯ = ৩৬$$

$$৪ \times ১০ = ৪০$$

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৬ এর কাজের সমাধান

১ নিচের ছবি অনুযায়ী কতগুলো আপেল আছে তা বের করি।



$$8 \times 1 = 8$$

$$8 \times 2 = ৮$$

$$8 \times ৩ = ২৪$$

$$8 \times ৪ = ৩২$$

২ যে সংখ্যা দিয়ে গুণ করা হয় তা ১ করে বৃদ্ধি করলে গুণফল কীভাবে বৃদ্ধি পায়? ▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৬ এর কাজের সমাধান  
সমাধান : যে সংখ্যা দিয়ে গুণ করা হয় তা ১ করে বৃদ্ধি করলে যে সংখ্যাকে গুণ করা হয় গুণফলে ঐ সংখ্যাই বৃদ্ধি পায়।  
অথবা, যে সংখ্যাকে গুণ করা হয় গুণফলে ঐ সংখ্যাই বৃদ্ধি পায়।

৩ ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০ টি ট্রেতে কতটি আপেল আছে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৬ এর কাজের সমাধান

সমাধান : প্রতিটি ট্রেতে ৪টি করে আপেল আছে।

তাহলে, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০টি ট্রেতে আপেল আছে।

$$8 \times ৫ = ২০$$

$$8 \times ৬ = ২৪$$

$$8 \times ৭ = ২৮$$

$$8 \times ৮ = ৩২$$

$$8 \times ৯ = ৩৬$$

$$8 \times ১০ = ৪০$$

$8 \times ৫ = ২০$
$8 \times ৬ = ২৪$
$8 \times ৭ = ২৮$
$8 \times ৮ = ৩২$
$8 \times ৯ = ৩৬$
$8 \times ১০ = ৪০$

### পাঠ ১২ ৪ এর গুণের নামতা লিখি

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৪৪

১ ১টি বিড়ালের ৪টি পা আছে? ৮টি বিড়ালের মোট কতটি পা আছে? ▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৭ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $8 \times ৮ = ৩২$

৮টি বিড়ালের মোট ৩২টি পা আছে।

▶ বিকল্প পদ্ধতি

১টি বিড়ালের ৪টি পা

∴ ৮টি বিড়ালের  $8 \times ৮ = ৩২$ টি

৮টি বিড়ালের ৩২টি পা আছে।

২ ১টি চেয়ারের ৪টি পায়া রয়েছে। ৬টি চেয়ারের কতটি পায়া আছে? ▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৭ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $8 \times ৬ = ২৪$

৬টি চেয়ারের ২৪টি পায়া আছে।

▶ বিকল্প পদ্ধতি

১টি চেয়ারের ৪টি পায়া

৬টি চেয়ারে  $8 \times ৬$ টি পায়া = ২৪টি পায়া

৬টি চেয়ারে ২৪টি পায়া আছে।

৩ প্রতিটি ভেড়ার ৪টি বাচ্চা থাকলে ৯টি ভেড়ার কয়টি বাচ্চা থাকবে? ▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৭ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $8 \times ৯ = ৩৬$

৯টি ভেড়ার ৩৬টি বাচ্চা থাকবে।

▶ বিকল্প পদ্ধতি

১ টি ভেড়ার ৪টি বাচ্চা

৯টি ভেড়ার  $8 \times ৯ = ৩৬$ টি বাচ্চা

৯টি ভেড়ার ৩৬টি বাচ্চা থাকবে।




আমরা এ পর্যন্ত যা শিখেছি তার উপর ভিত্তি করে ৬ এর গুণের নামতা তৈরি করি।

১ যদি আমরা ১০০ ডটের ছকের উপর নিচের ছবির মতো বাম থেকে ডানে L আকৃতির কাগজ রাখি, তবে আমরা কী খুঁজে পেতে পারি?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৮ এর কাজের সমাধান

সমাধান : আমরা ৬ এর গুণের নামতা খুঁজে পেতে পারি :



৬ এর গুণের নামতা

$$৬ \times ১ = ৬$$

$$৬ \times ২ = ১২$$

$$৬ \times ৩ = ১৮$$

$$৬ \times ৪ = ২৪$$

$$৬ \times ৫ = ৩০$$

$$৬ \times ৬ = ৩৬$$

$$৬ \times ৭ = ৪২$$

$$৬ \times ৮ = ৪৮$$

$$৬ \times ৯ = ৫৪$$

$$৬ \times ১০ = ৬০$$

আমার (শিক্ষার্থীর) ধারণা হলো :

$$৬ = ৬ \times ১ = ৬$$

$$৬ + ৬ = ৬ \times ২ = ১২$$

$$৬ + ৬ + ৬ = ৬ \times ৩ = ১৮$$

$$৬ + ৬ + ৬ + ৬ = ৬ \times ৪ = ২৪$$

$$৬ + ৬ + ৬ + ৬ + ৬ = ৬ \times ৫ = ৩০$$

২ ৬ এর গুণের নামতা শিখি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৯ এর কাজের সমাধান

সমাধান :

৬ এর গুণের নামতা

$$৬ \times ১ = ৬$$

$$৬ \times ২ = ১২$$

$$৬ \times ৩ = ১৮$$

$$৬ \times ৪ = ২৪$$

$$৬ \times ৫ = ৩০$$

$$৬ \times ৬ = ৩৬$$

$$৬ \times ৭ = ৪২$$

$$৬ \times ৮ = ৪৮$$

$$৬ \times ৯ = ৫৪$$

$$৬ \times ১০ = ৬০$$

১ বাদলের বাবা এক সপ্তাহে ৫ দিন কাজ করেন। তিনি ৬ সপ্তাহে কতদিন কাজ করেন?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৮৯ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :

$$৫ \times ৬ = ৩০$$

তিনি ৬ সপ্তাহে ৩০ দিন কাজ করেন।

▶ বিকল্প পদ্ধতি

বাদলের বাবা,

১ সপ্তাহে কাজ করেন ৫ দিন

৬ সপ্তাহে কাজ করেন  $৫ \times ৬$

$$= ৩০ \text{ দিন}$$

তিনি ৬ সপ্তাহে ৩০ দিন কাজ করেন।

পাঠ ১৫ ৭ এর গুণ

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৫০




আমরা এ পর্যন্ত যা শিখেছি তার উপর ভিত্তি করে ৭ এর গুণের নামতা তৈরি করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৯০ এর মূল প্রশ্নের সমাধান

১ যদি আমরা ১০০ ডটের ছকের উপর নিচের ছবির মতো বাম থেকে ডানে L আকৃতির কাগজ রাখি, তবে আমরা কী খুঁজে পাব?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯০ এর কাজের সমাধান

সমাধান : আমরা ৭ এর গুণের নামতা খুঁজে পাব।



৭ এর গুণের নামতা

$$৭ \times ১ = ৭$$

$$৭ \times ২ = ১৪$$

$$৭ \times ৩ = ২১$$

$$৭ \times ৪ = ২৮$$

$$৭ \times ৫ = ৩৫$$

$$৭ \times ৬ = ৪২$$

$$৭ \times ৭ = ৪৯$$

$$৭ \times ৮ = ৫৬$$

$$৭ \times ৯ = ৬৩$$

$$৭ \times ১০ = ৭০$$

আমার (শিক্ষার্থীর) ধারণা হলো :

$$৭ = ৭ \times ১$$

$$৭ + ৭ = ৭ \times ২ = ১৪$$

$$৭ + ৭ + ৭ = ৭ \times ৩ = ২১$$

$$৭ + ৭ + ৭ + ৭ = ৭ \times ৪ = ২৮$$

$$৭ + ৭ + ৭ + ৭ + ৭ = ৭ \times ৫ = ৩৫$$

## পাঠ ১৬ ৭ এর গুণের নামতা শিখি

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৫৩

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯১ এর কাজের সমাধান

২ ৭ এর গুণের নামতা শিখি

সমাধান :

৭ এর গুণের নামতা	
$৭ \times ১ = ৭$	
$৭ \times ২ = ১৪$	
$৭ \times ৩ = ২১$	
$৭ \times ৪ = ২৮$	
$৭ \times ৫ = ৩৫$	
$৭ \times ৬ = ৪২$	
$৭ \times ৭ = ৪৯$	
$৭ \times ৮ = ৫৬$	
$৭ \times ৯ = ৬৩$	
$৭ \times ১০ = ৭০$	

১ ৭ দিনে ১ সপ্তাহ। ৮ সপ্তাহে কত দিন?

সমাধান :

গাণিতিক বাক্য :  $৭ \times ৮ = ৫৬$ 

৮ সপ্তাহে ৫৬ দিন।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯১ এর অনুশীলনের সমাধান

▶ বিকল্প পদ্ধতি

১ সপ্তাহে ৭ দিন

৮ সপ্তাহ  $৭ \times ৮$  দিন = ৫৬ দিন

৮ সপ্তাহে ৫৬ দিন।


## পাঠ ১৭ ৮ এর গুণ

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৫৪



আমরা এ পর্যন্ত যা শিখেছি তার উপর ভিত্তি করে ৮ এর গুণের নামতা তৈরি করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৯২ এর মূল প্রশ্নের সমাধান




৮ এর গুণের নামতা

$৮ \times ১ = ৮$
$৮ \times ২ = ১৬$
$৮ \times ৩ = ২৪$
$৮ \times ৪ = ৩২$
$৮ \times ৫ = ৪০$
$৮ \times ৬ = ৪৮$
$৮ \times ৭ = ৫৬$
$৮ \times ৮ = ৬৪$
$৮ \times ৯ = ৭২$
$৮ \times ১০ = ৮০$

$৪৮ = ৮ \times ৬$  এই গুণকে কোন কোন সংখ্যায় ভেঙে দেখানো যায়? ইহা ৩ এর গুণ ও ৫ এর গুণে ভেঙে দেখানো হলো :

$$৩ \times ৬ + ৫ \times ৬ = ১৮ + ৩০ = ৪৮$$



■  $8৮ = ৮ \times ৬$  এই গুণকে কোন কোন সংখ্যায় ভেঙে দেখানো যায়?

সমাধান : ৮ এর গুণ  $৮ \times ৬ = ৪৮$  কে ৫ ও ৩ এবং ৬ ও ২ এর গুণে ভেঙে দেখানো যায়।

$৫ \times ৬ = ৩০$   
 $৩ \times ৬ = ১৮$   
 গুণফল দুইটির যোগফল ৪৮

$৬ \times ৬ = ৩৬$   
 $২ \times ৬ = ১২$   
 গুণফল দুইটির যোগফল ৪৮

আবার, ৮ এর গুণ  $৮ \times ৪ = ৩২$  কে ৩ ও ৫ এবং ২ ও ৬ এর গুণে ভেঙে দেখানো যায়।

$৩ \times ৪ = ১২$   
 $৫ \times ৪ = ২০$   
 গুণফল দুইটির যোগফল ৩২

$২ \times ৪ = ৮$   
 $৬ \times ৪ = ২৪$   
 গুণফল দুইটির যোগফল ৩২

১ ৫টি বাক্সের প্রতিটিতে ৮টি করে চকলেট আছে। সেখানে কতগুলো চকলেট আছে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯২ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $৮ \times ৫ = ৪০$   
সেখানে ৪০টি চকলেট আছে।

▶ বিকল্প পদ্ধতি

১টি বাক্সে আছে ৮টি চকলেট  
৫টি বাক্সে আছে  $৮ \times ৫$  টি চকলেট  
 $= ৪০$  টি চকলেট  
সেখানে ৪০টি চকলেট আছে।

২ একটি শ্রেণিকক্ষে প্রতিটি দলে ৮ জন করে শিক্ষার্থী আছে। যদি ৯টি দল থাকে, তবে সেখানে কতজন শিক্ষার্থী থাকবে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯২ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $৮ \times ৯ = ৭২$   
সেখানে ৭২ জন শিক্ষার্থী থাকবে।

▶ বিকল্প পদ্ধতি

১টি দলে আছে ৮ জন শিক্ষার্থী  
৯টি দলে আছে  $৮ \times ৯$  জন শিক্ষার্থী  
 $= ৭২$  জন শিক্ষার্থী  
সেখানে ৭২ জন শিক্ষার্থী থাকবে।

**পাঠ ১৮** ৯ এর গুণ

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৫৬

১ প্রতিটি ঝড়িতে ৯টি করে রুটি রাখা যায়। এরকম ৭টি ঝড়িতে কতগুলো রুটি রাখা যায়?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৩ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $৯ \times ৭ = ৬৩$   
৭টি ঝড়িতে ৬৩টি রুটি রাখা যায়।

▶ বিকল্প পদ্ধতি

১টি ঝড়িতে রুটি রাখা যায় ৯টি  
৭টি ঝড়িতে রুটি রাখা যায়  $৯ \times ৭$  টি  
 $= ৬৩$  টি  
৭টি ঝড়িতে ৬৩টি রুটি রাখা যায়।

২ রফিক একদিনে একটি বইয়ের ৯ পৃষ্ঠা পড়ে। সে ৮ দিনে কত পৃষ্ঠা পড়ে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৩ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $৯ \times ৮ = ৭২$   
সে ৮ দিনে ৭২ পৃষ্ঠা পড়ে।

▶ বিকল্প পদ্ধতি

রফিক ১ দিনে পড়ে একটি বইয়ের ৯ পৃষ্ঠা  
রফিক ৮ দিনে পড়ে একটি বইয়ের  $৯ \times ৮$  পৃষ্ঠা  
 $= ৭২$  পৃষ্ঠা  
সে ৮ দিনে ৭২ পৃষ্ঠা পড়ে।

পাঠ ১৯ ১০ এর গুণ

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৫৮

১০ এর গুণ




আমরা এ পর্যন্ত যা শিখেছি তার উপর ভিত্তি করে ১০ এর গুণের নামতা তৈরি করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৪ এর মূল প্রশ্নের সমাধান

১ আমরা এ পর্যন্ত যা শিখেছি তার উপর ভিত্তি করে ১০ এর গুণ বের করি।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৪ এর কাজের সমাধান



১০ এর গুণের নামতা

$10 \times 1 = 10$

$10 \times 2 = 20$

$10 \times 3 = 30$

$10 \times 4 = 40$

$10 \times 5 = 50$

$10 \times 6 = 60$

$10 \times 7 = 70$

$10 \times 8 = 80$

$10 \times 9 = 90$

$10 \times 10 = 100$

২ ১০-এর গুণ কোন কোন সংখ্যায় ভেঙে দেখানো যায়?


▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৪ এর কাজের সমাধান

সমাধান : ১০ এর গুণকে যেমন  $10 \times 3 = 30$  কে ২ ও ৮ এবং ৪ ও ৬ এর গুণে ভেঙে দেখানো যায়।

$2 \times 3 = 6$

$8 \times 3 = 24$


গুণফল দুইটির যোগফল ৩০



$8 \times 3 = 24$

$2 \times 3 = 6$


গুণফল দুইটির যোগফল ৩০

আবার, ১০ এর গুণকে যেমন  $10 \times 5 = 50$  কে ৩ ও ৭ এবং ৪ ও ৬ এর গুণে ভেঙে দেখানো যায়।

$3 \times 5 = 15$

$7 \times 5 = 35$


গুণফল দুইটির যোগফল ৫০



$4 \times 5 = 20$

$6 \times 5 = 30$

গুণফল দুইটির যোগফল ৫০



এভাবে ১০ এর অন্যান্য গুণকেও বিভিন্ন সংখ্যায় ভেঙে দেখানো যায়।

১ একজন মানুষের দুই হাতে মোট ১০টি আঙুল আছে।

এরকম ৭ জন মানুষের হাতে কতটি আঙুল রয়েছে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৪ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $10 \times 7 = 70$ 

৭ জন মানুষের হাতে ৭০টি আঙুল আছে।

▶ বিকল্প পদ্ধতি

১ জন মানুষের দুই হাতে মোট ১০টি আঙুল

৭ জন মানুষের দুই হাতে মোট  $10 \times 7$  টি আঙুল $= 70$  টি আঙুল

৭ জন মানুষের হাতে ৭০টি আঙুল আছে।

২ ৩ জন ছাত্রকে ৫টি ও ৪ জন ছাত্রীকে ৭টি করে বই দিলে কতটি বইয়ের প্রয়োজন হবে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৪ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $3 \times 5 + 4 \times 7 = \square$  টি বই

এখন,  $3 \times 5 + 4 \times 7 = 15 + 28 = 43$

৪৩টি বইয়ের প্রয়োজন হবে।

▶ বিকল্প পদ্ধতি

৩ জন ছাত্রকে ৫টি করে বই দিলে হবে  $3 \times 5 = 15$ টি বই

৪ জন ছাত্রীকে ৭টি করে বই দিলে হবে  $4 \times 7 = 28$ টি বই

৩ জন ছাত্র ও ৪ জন ছাত্রীর মোট হবে ৪৩টি বই

৩ জন ছাত্র ও ৪ জন ছাত্রীকে বই দিলে ৪৩টি বইয়ের প্রয়োজন হবে।

৩ ৪ টাকা দরে ৭টি লিচু, ৬ টাকা দরে ৮টি আমড়া এবং ৯ টাকা দরে ৫টি কলা কিনতে মোট কত টাকা লাগবে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৪ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :

$8 \times 7 + 6 \times 8 + 9 \times 5 = \square$  টাকা

এখন,  $8 \times 7 + 6 \times 8 + 9 \times 5$

$= 56 + 48 + 45 = 149$

মোট ১৪৯ টাকা লাগবে।

▶ বিকল্প পদ্ধতি

৪ টাকা দরে ৭ লিচু  $= 8 \times 7 = 56$  টাকা

৬ টাকা দরে ৮টি আমড়া  $= 6 \times 8 = 48$  টাকা

৯ টাকা দরে ৫টি কলা  $= 9 \times 5 = 45$  টাকা

মোট  $= 149$  টাকা


লিচু, আমড়া ও কলা কিনতে মোট ১৪৯ টাকা লাগবে।

পাঠ ২০ ১ এর গুণ

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৬০



প্রতি শ্রেণির বার্ষিক পরীক্ষায় প্রথম হওয়া শিক্ষার্থীকে ২টি পেন্সিল ও ১টি খাতা পুরস্কার দেওয়া হবে। ৫টি শ্রেণির জন্য কতটি পুরস্কার প্রয়োজন হবে?



▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৫ এর মূল প্রশ্নের সমাধান



$2 \times 5 = 10$  ১০ টি পেন্সিল



$1 \times 5 = 5$  ৫ টি খাতা

১ এখানে আমরা কী খুঁজে পেতে পারি?



আমি  $1 \times 3$  ও  $1 \times 7$  এর যোগফল  $1 \times 10$  পেয়েছি।



১ এর গুণের নামতা

$1 \times 1 = 1$
$1 \times 2 = 2$
$1 \times 3 = 3$
$1 \times 4 = 4$
$1 \times 5 = 5$
$1 \times 6 = 6$
$1 \times 7 = 7$
$1 \times 8 = 8$
$1 \times 9 = 9$
$1 \times 10 = 10$

১ যদি আমরা প্রতিদিন ১ টাকা করে জমা করি, তবে ৮ দিনে কত টাকা জমা করতে পারব?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৫ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $1 \times 8 = 8$

৮ দিনে আমরা ৮ টাকা জমা করতে পারবো।

২ একটি শ্রেণির প্রথম বেঞ্চে ৫ জন, দ্বিতীয় বেঞ্চে ৬ জন এবং তৃতীয় বেঞ্চে ৮ জন ছাত্র আছে। প্রত্যেক ছাত্রকে ১ টাকা করে প্রদান করলে কত টাকা প্রয়োজন হবে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৫ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :

$$৫ \times ১ + ৬ \times ১ + ৮ \times ১ = \square \text{ টাকা}$$

$$\text{এখন, } ৫ \times ১ + ৬ \times ১ + ৮ \times ১$$

$$= ৫ + ৬ + ৮$$

$$= ১৯$$

প্রত্যেক ছাত্রকে ১ টাকা করে প্রদান করলে ১৯ টাকা প্রয়োজন হবে।

▶ বিকল্প পদ্ধতি

$$\text{প্রথম বেঞ্চে ৫ জনকে দিতে হবে} = ৫ \times ১ = ৫ \text{ টাকা}$$

$$\text{দ্বিতীয় বেঞ্চে ৬ জনকে দিতে হবে} = ৬ \times ১ = ৬ \text{ টাকা}$$

$$\text{তৃতীয় বেঞ্চে ৮ জনকে দিতে হবে} = ৮ \times ১ = ৮ \text{ টাকা}$$

$$\text{মোট প্রয়োজন} = ১৯ \text{ টাকা}$$

১৯ টাকা প্রয়োজন হবে।

পাঠ ২১ ০ এর গুণ

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৬২




আমাদের দুটি ট্রে আছে। যদি আমরা প্রতিটি ট্রেতে ০টি বল রাখি তবে সেখানে কতগুলো বল হবে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৬ এর মূল প্রশ্নের সমাধান


সমাধান :

২টি বল




$$\text{বল ট্রে} \\ \square ২ \times \square ২ = \square ৪$$

১টি বল



$$\square ১ \times \square ২ = \square ২$$

০টি বল



$$\square ০ \times \square ২ = \square ০$$




একটি ট্রেতে তিনটি বল রাখা যায়। যদি কোনো ট্রে না থাকে তবে কতগুলো বল রাখা যাবে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৯৬ এর মূল প্রশ্নের সমাধান

সমাধান :

২টি ট্রে



$$\text{ট্রে বল} \\ \square ২ \times \square ৩ = \square ৬$$

১টি ট্রে



$$\text{ট্রে বল} \\ \square ১ \times \square ৩ = \square ৩$$

০টি ট্রে



$$\text{ট্রে বল} \\ \square ০ \times \square ৩ = \square ০$$



০ দিয়ে গুণ করলে গুণফল সব সময়ই ০ হয়। তাই নয় কি?

তাহলে ০ × ০ এর গুণফল কত?



যখন একটি সংখ্যাকে ০ দিয়ে গুণ করা হয়, তখন এর উত্তর সবসময়ই ০ হবে। আবার, যখন ০ কে কোনো সংখ্যা দিয়ে গুণ করা হয়, তখন উত্তর সব সময়ই ০ হয়।

পাঠ ২২ গুণের নামতা

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৬৪



গুণের নামতা

পাঠ্যবই, পৃষ্ঠা ৯৭ এর মূল প্রশ্নের সমাধান

x	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২	২	৪	৬	৮	১০	১২	১৪	১৬	১৮	২০
৩	৩	৬	৯	১২	১৫	১৮	২১	২৪	২৭	৩০
৪	৪	৮	১২	১৬	২০	২৪	২৮	৩২	৩৬	৪০
৫	৫	১০	১৫	২০	২৫	৩০	৩৫	৪০	৪৫	৫০
৬	৬	১২	১৮	২৪	৩০	৩৬	৪২	৪৮	৫৪	৬০
৭	৭	১৪	২১	২৮	৩৫	৪২	৪৯	৫৬	৬৩	৭০
৮	৮	১৬	২৪	৩২	৪০	৪৮	৫৬	৬৪	৭২	৮০
৯	৯	১৮	২৭	৩৬	৪৫	৫৪	৬৩	৭২	৮১	৯০
১০	১০	২০	৩০	৪০	৫০	৬০	৭০	৮০	৯০	১০০



গুণের ক্রম অনুযায়ী  
আমি একটি নিয়ম পেয়েছি।

আমি এককের স্থানে  
কিছু নিয়ম পেয়েছি।



উপরের ছক থেকে আমরা বিভিন্ন রকম প্যাটার্ন খুঁজে বের করি।

সমাধান : এখানে ১ থেকে ১০ পর্যন্ত গুণের নামতা দেওয়া আছে। প্রতিটি নামতাই এক একটি প্যাটার্ন।

পাঠ ২৩ গুণের বিনিময়

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৬৬

১ নিচের সংখ্যাগুলো কোন কোন সংখ্যার গুণফল?

পাঠ্যবই, পৃষ্ঠা-৯৮ এর অনুশীলনের সমাধান

- (ক) ১৬ (খ) ২৪ (গ) ৩৬ (ঘ) ৬৩ (ঙ) ৭২

সমাধান :

(ক) ১৬ হলো— ২ ও ৮ এর গুণফল :  $২ \times ৮ = ১৬$

৪ ও ৪ এর গুণফল :  $৪ \times ৪ = ১৬$

(খ) ২৪ হলো— ৩ ও ৮ এর গুণফল :  $৩ \times ৮ = ২৪$

৪ ও ৬ এর গুণফল :  $৪ \times ৬ = ২৪$

২ ও ১২ এর গুণফল :  $২ \times ১২ = ২৪$

(গ) ৩৬ হলো— ৪ ও ৯ এর গুণফল :  $৪ \times ৯ = ৩৬$

৬ ও ৬ এর গুণফল :  $৬ \times ৬ = ৩৬$

২ ও ১৮ এর গুণফল :  $২ \times ১৮ = ৩৬$

৩ ও ১২ এর গুণফল :  $৩ \times ১২ = ৩৬$

(ঘ) ৬৩ হলো— ৭ ও ৯ এর গুণফল :  $৭ \times ৯ = ৬৩$

৩ ও ২১ এর গুণফল :  $৩ \times ২১ = ৬৩$

(ঙ) ৭২ হলো— ৮ ও ৯ এর গুণফল :  $৮ \times ৯ = ৭২$

২ ও ৩৬ এর গুণফল :  $২ \times ৩৬ = ৭২$

৩ ও ২৪ এর গুণফল :  $৩ \times ২৪ = ৭২$

৪ ও ১৮ এর গুণফল :  $৪ \times ১৮ = ৭২$

৬ ও ১২ এর গুণফল :  $৬ \times ১২ = ৭২$

একই রকম অন্য গুণ খুঁজে বের করি।

পাঠ্যবই, পৃষ্ঠা-৯৮ এর কাজের সমাধান

সমাধান : একই রকম অন্য গুণ অনেক আছে। যেমন : (১) ১২ (২) ১৮ (৩) ৩০ (৪) ৪৮ (৫) ৫৬ .....







(১) ১২ হলো— ২ ও ৬ এর গুণফল :  $২ \times ৬ = ১২$

৩ ও ৪ এর গুণফল :  $৩ \times ৪ = ১২$

(২) ১৮ হলো— ২ ও ৯ এর গুণফল :  $২ \times ৯ = ১৮$ ৩ ও ৬ এর গুণফল :  $৩ \times ৬ = ১৮$ (৩) ৩০ হলো— ৫ ও ৬ এর গুণফল :  $৫ \times ৬ = ৩০$ ৩ ও ১০ এর গুণফল :  $৩ \times ১০ = ৩০$ (৪) ৪৮ হলো— ৬ ও ৮ এর গুণফল :  $৬ \times ৮ = ৪৮$ (৫) ৫৬ হলো— ৭ ও ৮ এর গুণফল :  $৭ \times ৮ = ৫৬$ 







২ নিচের ছবি দেখে শূন্যস্থানগুলো পূরণ করি।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৮ এর অনুশীলনের সমাধান

 $\square \times \square = \square$	 $\square \times \square = \square$
 $\square \times \square = \square$	 $\square \times \square = \square$
 $\square \times \square = \square$	 $\square \times \square = \square$

উপরের প্রতিক্ষেত্রে আমরা কী দেখি?

সমাধান: নিচে ছবি দেখে শূন্যস্থানগুলো পূরণ করি :

 $৪ \times ২ = ৮$	 $২ \times ৪ = ৮$
 $৪ \times ৫ = ২০$	 $৫ \times ৪ = ২০$
 $৬ \times ৪ = ২৪$	 $৪ \times ৬ = ২৪$


উপরের প্রতিক্ষেত্রে আমরা দেখি যে সংখ্যা বিনিময় করে গুণ করলে গুণফলের কোনো পরিবর্তন হয় না।

পাঠ ২৪ গুণ(১)

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৬৭

মিনা একদিনে একটি বইয়ের ১২ পৃষ্ঠা পড়তে পারে। ৪ দিনে সে ঐ বইয়ের কত পৃষ্ঠা পড়তে পারে?

পাঠ্যবই, পৃষ্ঠা ৯৯ এর মূল প্রশ্নের সমাধান



আমরা প্রথমে ৪ দ্বারা একক স্থানের অঙ্ককে এবং পরে দশক স্থানের অঙ্ককে গুণ করি

$12 \times 8 = 84$



সমাধান : গাণিতিক বাক্য :  $12 \times 8 = \square$

এখন,  $12 \times 8 = 84$

৪ দিনে সে বইয়ের ৪৪ পৃষ্ঠা পড়তে পারে।

পাঠ ২৫ গুণ(২)

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৬৯

১ গুণি করি

পাঠ্যবই, পৃষ্ঠা-৯৯ এর অনুশীলনের সমাধান

(ক)  $18 \times 2$

(খ)  $23 \times 3$

(গ)  $11 \times 9$


(ঘ)  $32 \times 3$

(ঙ)  $38 \times 2$


(চ)  $21 \times 8$

সমাধান :


(ক)  $18 \times 2 = 24$




(খ)  $23 \times 3 = 69$




(গ)  $11 \times 9 = 99$




(ঘ)  $32 \times 3 = 96$



(ঙ)  $38 \times 2 = 76$



(চ)  $21 \times 8 = 168$



২ রাজুর বাবা এক দিনে ৮ ঘণ্টা কাজ করেন। যদি তিনি ৩ দিন কাজ করেন, তবে কত ঘণ্টা কাজ হবে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৯ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $৮ \times ৩ = ২৪$

২৪ ঘণ্টা কাজ হবে।

▶ বিকল্প পদ্ধতি

রাজুর বাবা ১ দিনে কাজ করেন ৮ ঘণ্টা

রাজুর বাবা ৩ দিনে কাজ করেন  $৮ \times ৩$  ঘণ্টা  
= ২৪ ঘণ্টা

৩ দিনে ২৪ ঘণ্টা কাজ করেন।

৩ করিম ৩টি গল্পের বই কিনতে চায়। প্রতিটি বইয়ের মূল্য ৩০ টাকা। বই কিনতে তার কত টাকা লাগবে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৯৯ এর অনুশীলনের সমাধান

সমাধান : গাণিতিক বাক্য :  $৩০ \times ৩ = ৯০$

বই কিনতে তার ৯০ টাকা লাগবে।

▶ বিকল্প পদ্ধতি

১টি গল্পের বইয়ের মূল্য ৩০ টাকা

৩টি গল্পের বইয়ের মূল্য  $৩০ \times ৩$   
= ৯০ টাকা

বই কিনতে তার ৯০ টাকা লাগবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান **৩** নিজে করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১০০


পাঠ ২৬ নিজে করি (১)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭১






১ গুণের নামতার সাহায্যে খালি জায়গা পূরণ করি :









$$৩ \times ৯ = ২৭$$



$$৩ \times ৭ = ২১$$



সমাধান : গুণের নামতার সাহায্যে খালি জায়গা পূরণ করি :



**পাঠ ২৭** নিজে করি (৩)

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭৩; পাঠ্যবই, পৃষ্ঠা ১০১

২ একটি প্যাকেটে ২টি লজেন্স আছে। ৮টি প্যাকেটে কতগুলো লজেন্স আছে?

সমাধান : গাণিতিক বাক্য :  $২ \times ৮ = ১৬$   
৮টি প্যাকেটে ১৬টি লজেন্স আছে।

► বিকল্প পদ্ধতি

১টি প্যাকেটে আছে ২টি লজেন্স  
৮টি প্যাকেটে আছে  $২ \times ৮$ টি লজেন্স = ১৬টি লজেন্স  
৮টি প্যাকেটে ১৬টি লজেন্স আছে।

৩ একটি শ্রেণিকক্ষে ১০টি বেঞ্চ আছে। একটি বেঞ্চে ৪ জন ছাত্র বসতে পারে। শ্রেণিকক্ষে মোট কতজন ছাত্র বসতে পারবে?

সমাধান : গাণিতিক বাক্য :  $৪ \times ১০$   
 $= ৪০$

শ্রেণিকক্ষে মোট ৪০ জন ছাত্র বসতে পারবে।

## ▶ বিকল্প পদ্ধতি

১টি বেঞ্চে বসতে পারে ৪ জন ছাত্র

১০টি বেঞ্চে বসতে পারে  $৪ \times ১০$  জন ছাত্র

$$= ৪০ \text{ জন ছাত্র}$$

শ্রেণিকক্ষে মোট ৪০ জন ছাত্র বসতে পারবে।

৪ বাবা প্রতিদিন ৪ ঘণ্টা হাঁটেন। ৭ দিনে তিনি কত ঘণ্টা হাঁটেন?

সমাধান : গাণিতিক বাক্য :  $৪ \times ৭ = ২৮$

৭ দিনে তিনি ২৮ ঘণ্টা হাঁটেন।

## ▶ বিকল্প পদ্ধতি

বাবা ১ দিনে হাঁটের ৪ ঘণ্টা

বাবা ৭ দিনে হাঁটের  $৪ \times ৭$

$$= ২৮ \text{ ঘণ্টা}$$

৭ দিনে তিনি ২৮ ঘণ্টা হাঁটেন।

৫ উজ্জ্বল ৪টি বই কিনতে চায়। প্রতিটি বইয়ের দাম ২২ টাকা। বই কিনতে তার কত টাকা লাগবে?

সমাধান : গাণিতিক বাক্য :  $৪ \times ২২ = ৮৮$

বই কিনতে তার ৮৮ টাকা লাগবে।

## ▶ বিকল্প পদ্ধতি

১টি বইয়ের দাম ২২ টাকা

৪টি বইয়ের দাম  $৪ \times ২২$  টাকা

$$= ৮৮ \text{ টাকা}$$

বই কিনতে তার ৮৮ টাকা লাগবে।


৬ বামদিকের কলামের সংখ্যা দিয়ে উপরের সারির সংখ্যা গুণ করো এবং খালিঘরে ফলাফল লিখে পূরণ করো।

×	৩	৫	২	৭	৪	১	৮	১০	৯	৬
১										
৪		২০								
৭										
৬										
৮										
৫										
২										
৯										
৩										
১০										

## সমাধান :

×	৩	৫	২	৭	৪	১	৮	১০	৯	৬
১	৩	৫	২	৭	৪	১	৮	১০	৯	৬
৪	১২	২০	৮	২৮	১৬	৪	৩২	৪০	৩৬	২৪
৭	২১	৩৫	১৪	৪৯	২৮	৭	৫৬	৭০	৬৩	৪২
৬	১৮	৩০	১২	৪২	২৪	৬	৪৮	৬০	৫৪	৩৬
৮	২৪	৪০	১৬	৫৬	৩২	৮	৬৪	৮০	৭২	৪৮
৫	১৫	২৫	১০	৩৫	২০	৫	৪০	৫০	৪৫	৩০
২	৬	১০	৪	১৪	৮	২	১৬	২০	১৮	১২
৯	২৭	৪৫	১৮	৬৩	৩৬	৯	৭২	৯০	৮১	৫৪
৩	৯	১৫	৬	২১	১২	৩	২৪	৩০	২৭	১৮
১০	৩০	৫০	২০	৭০	৪০	১০	৮০	১০০	৯০	৬০

৭ নিচের চিত্রটি শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের বসার ব্যবস্থা। একটি ডট (●) দিয়ে একজন শিক্ষার্থী নির্দেশ করে। শ্রেণিকক্ষে কতজন শিক্ষার্থী আছে? বিভিন্ন উপায়ে এটি হিসাব করো।



সমাধান : চিত্রটিতে ৯টি বসার অবস্থা আছে। এর মধ্যে ৭টিতে ৩ জন শিক্ষার্থী বসতে পারে, ১টিতে ২ জন শিক্ষার্থী বসতে পারে এবং অন্য ১টিতে ১ জন শিক্ষার্থী বসতে পারে।

প্রথম উপায় :

$$৩ + ৩ + ৩ + ৩ + ৩ + ৩ + ১ + ৩ + ২ = ২৪$$

শ্রেণিকক্ষে ২৪ জন শিক্ষার্থী আছে।

দ্বিতীয় উপায় :  $৩ \times ৭ + ১ + ২ = ২১ + ২ + ১ = ২৪$

শ্রেণিকক্ষে ২৪ জন শিক্ষার্থী বসতে পারে।

তৃতীয় উপায় :

১ম সারিতে শিক্ষার্থী =  $৩ + ৩ + ৩ = ৯$  জন

২য় সারিতে শিক্ষার্থী =  $৩ + ৩ + ৩ = ৯$  জন

৩য় সারিতে শিক্ষার্থী =  $১ + ৩ + ২ = ৬$  জন

শ্রেণিকক্ষে মোট শিক্ষার্থী =  $৯ + ৯ + ৬ = ২৪$  জন

শ্রেণিকক্ষে ২৪ জন শিক্ষার্থী আছে।

চতুর্থ উপায় :

১ম কলামে শিক্ষার্থী =  $৩ + ৩ + ১ = ৭$  জন

২য় কলামে শিক্ষার্থী =  $৩ + ৩ + ৩ = ৯$  জন

৩য় কলামে শিক্ষার্থী =  $৩ + ৩ + ২ = ৮$  জন

মোট শিক্ষার্থী =  $৭ + ৯ + ৮ = ২৪$  জন

শ্রেণিকক্ষে ২৪ জন শিক্ষার্থী আছে।

## শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি



আরও শিখে নিই

## পাঠ ১ গুণের ধারণা

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১১৮

প্রশ্ন ১ | প্রতিটি থালায় ৫টি করে টমেটো থাকলে ৫, ৬, ৭, ৮, ৯ বা ১০টি থালায় কতগুলো টমেটো আছে ?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৭৩ এর কাজের আলোকে

সমাধান :

- (ক) ৫টি থালায় টমেটো আছে  $৫ \times ৫$  টি = ২৫টি  
 (খ) ৬টি থালায় টমেটো আছে  $৫ \times ৬$  টি = ৩০টি  
 (গ) ৭টি থালায় টমেটো আছে  $৫ \times ৭$  টি = ৩৫টি  
 (ঘ) ৮টি থালায় টমেটো আছে  $৫ \times ৮$  টি = ৪০টি  
 (ঙ) ৯টি থালায় টমেটো আছে  $৫ \times ৯$  টি = ৪৫টি  
 (চ) ১০টি থালায় টমেটো আছে  $৫ \times ১০$  টি = ৫০টি



লক্ষ করি

- একটি থালায় ৫টি করে টমেটো আছে।
- থালার সংখ্যা ১টি বাড়লে ৫টি টমেটো বেড়ে যায়।
- এভাবে থালার সংখ্যা বৃদ্ধির সাথে সাথে টমেটোর সংখ্যা বাড়তে থাকে।

## পাঠ ৩ গুণের ধারণা

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২৩

প্রশ্ন ২ | নিচের চিত্রটি শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের বসার অবস্থা। একটি ডট (●) দিয়ে একজন শিক্ষার্থী নির্দেশ করে। শ্রেণিকক্ষে কতজন শিক্ষার্থী আছে? বিভিন্ন উপায়ে এটি হিসাব কর।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৭৬ এর কাজের আলোকে

সমাধান :

প্রথম উপায়ে :  $৩ + ৩ + ৩ + ৩ + ৩ + ৩ + ২ + ৩ + ১$   
 = ২৪ জন (যোগ করে)

অতএব শ্রেণিকক্ষে ২৪ জন শিক্ষার্থী আছে।

দ্বিতীয় উপায়ে :  $৩ + ৩ + ২ + ৩ + ৩ + ৩ + ৩ + ৩ + ১$   
 = ২৪ জন (যোগ করে)


তৃতীয় উপায়ে :  $৩ \times ৮ = ২৪$  (গুণ করে)

চতুর্থ উপায়ে : ১ম সারিতে শিক্ষার্থী =  $৩ + ৩ + ৩ = ৯$  জন

২য় সারিতে শিক্ষার্থী =  $৩ + ৩ + ৩ = ৯$  জন

৩য় সারিতে শিক্ষার্থী =  $২ + ৩ + ১ = ৬$  জন

অতএব মোট শিক্ষার্থী =  $৯ + ৯ + ৬ = ২৪$  জন।



## পাঠ ২১ ০ এর গুণ

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৬২

প্রশ্ন ৩ | ছড়াটি মনোযোগ সহকারে লক্ষ কর :

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৬৩;

শূন্যের ছড়া  
 শূন্যের গুণ ভারি মজা  
 উত্তর হল খুব সোজা  
 এক গুণ শূন্য ফলাফল শূন্য  
 দুই গুণ শূন্য উত্তর শূন্য  
 তিন গুণ শূন্য গুণফল শূন্য  
 চার গুণ শূন্য উত্তর শূন্য  
 এইভাবে হোক যত উত্তর অভিন্ন

শূন্যের সাথে তুমি যতো দিয়ে কারো গুণ  
 শূন্যই ফলাফল, কি দারুণ।  
 কি দারুণ।

সমাধান : যেকোনো সংখ্যা শূন্য (০) দিয়ে গুণ করলে গুণফল শূন্য (০) হয়।

আবার, শূন্যকে (০) যেকোনো সংখ্যা দিয়ে গুণ করলেও গুণফল ০ হয়।

## পাঠ ২৬ নিজে করি

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭১

▶ প্রশ্ন ৪ | গুণের নামতার সাহায্যে খালি জায়গা পূরণ কর :

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১০০ এর ১নং প্রশ্নের আলোকে

$৩ \times ২ = ৬$

$৩ \times ৪ = ১২$

সমাধান : গুণের নামতার সাহায্যে খালি জায়গা পূরণ করা হলো :

$৩ \times ২ = ৬$

$৩ \times ৪ = ১২$

▶ প্রশ্ন ৫ | একটি প্যাকেটে ৩টি লজেন্স আছে। ৫টি প্যাকেটে কতগুলো লজেন্স আছে ? ▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১০০ এর ২নং প্রশ্নের আলোকে

সমাধান : ১ প্যাকেটে লজেন্স আছে ৩টি

৫ প্যাকেটে লজেন্স আছে  $৩ \times ৫$  টি = ১৫ টি।

৫টি প্যাকেটে ১৫ টি লজেন্স আছে।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ



## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

গাণিতিক ধারণা  $\sqrt{x}$  তত্ত্বীয় প্রশ্নাবলির উত্তর লিখি

## ● সংক্ষেপে উত্তর দাও :

## □ গুণ

প্রশ্ন ১।  $\times$  প্রতীককে কি বলে?

উত্তর : গুণ চিহ্ন।

প্রশ্ন ২।  $৪ \times ২ = ৮$ , বাক্যটি কীভাবে পড়তে হয়?

উত্তর : ৪ গুণ ২ সমান ৮।

প্রশ্ন ৩। ৪টি বেঞ্চে ৪ জন করে শিক্ষার্থী আছে। শিক্ষার্থী সংখ্যার জন্য গাণিতিক বাক্যটি কি?

উত্তর :  $৪ \times ৪ = ১৬$ 

প্রশ্ন ৪। একটি রিক্সায় ৩টি চাকা আছে। এরূপ ৫টি রিক্সায় চাকার সংখ্যা কত?

উত্তর : ১৫টি।

প্রশ্ন ৫। প্রত্যেক ছড়ার কলার শাম ৮ টাকা হলে ৫ ছড়া কলার দাম কত?

উত্তর : ৪০ টাকা।

প্রশ্ন ৬। ৩টি খালায় প্রত্যেকটিতে ৫টি করে মাছ থাকলে মোট মাছের সংখ্যা কত?

উত্তর : ১৫টি।

প্রশ্ন ৭।  $৫ \times ৮ =$  কত?

উত্তর : ৪০।

প্রশ্ন ৮।  $৬ \times ৭ =$  কত?


উত্তর : ৪২।

প্রশ্ন ৯। ১ হালিতে ৪টি হলে ৪ হালিতে কতটি?

উত্তর : ১৬টি।

প্রশ্ন ১০।  $৭ \times ৯ =$  কত?

উত্তর : ৬৩।

প্রশ্ন ১১।  প্রতিটি মোমবাতির মূল্য ১০ টাকা হলে ছবির মোমবাতিগুলোর মূল্য কত?

উত্তর : ৫০ টাকা।

প্রশ্ন ১২। সবুজ প্রতিদিন ৬ ঘণ্টা বই পড়ে। সে ৪ দিনে কত ঘণ্টা বই পড়ে?

উত্তর : ২৪ ঘণ্টা।

প্রশ্ন ১৩।  $৮ \times ৮ =$  । ফাঁকা ঘরের সংখ্যাটি কত?

উত্তর : ৬৪।

প্রশ্ন ১৪। একটি সংখ্যাকে ০ দিয়ে গুণ করা হলে তার উত্তর কত হবে?

উত্তর : ০ (শূন্য)।

প্রশ্ন ১৫। প্রতিদিন ১০ টাকা জমালে ৮ দিনে কত টাকা জমা হয়।

উত্তর : ৮০ টাকা।

প্রশ্ন ১৬। এক জোড়ায় ২টি হলে ৩৩ জোড়ায় কতটি?

উত্তর : ৬৬।

প্রশ্ন ১৭।  $৯ \times ৭ =$  কত হবে?

উত্তর : ৬৩

প্রশ্ন ১৮। ৪৩ কে ৩ দ্বারা গুণ করলে গুণফল কত হবে?

উত্তর : ১২৯।

প্রশ্ন ১৯।  প্রতি প্যাকেটে মিষ্টি সংখ্যা ১১টি সবগুলো প্যাকেটের মিষ্টি সংখ্যা কত?

উত্তর : ৩৩টি।

প্রশ্ন ২০।  $৩২ \times ৩ =$  কত?

উত্তর : ৯৬।

প্রক্রিয়াগত ধারণা  $\frac{a}{b}$  গাণিতিক প্রশ্নাবলির উত্তর লিখি

## ● শূন্যস্থান পূরণ কর :

১. তিন গুণ ——— সমান বারো।

উত্তর : তিন গুণ চার সমান বারো।

২. ১ সপ্তাহে ——— দিন।

উত্তর : ১ সপ্তাহে ৭ দিন।

৩. ——— দিয়ে গুণ করলে গুণফল ০ হয়।

উত্তর : ০ দিয়ে গুণ করলে গুণফল ০ হয়।

৪. ৭ এর গুণকে ৪ এর ৩ ——— এর গুণে ভেঙে দেখানো যায়।

উত্তর : ৭ এর গুণকে ৪ এর ৩ ৩ এর গুণে ভেঙে দেখানো যায়।

৫.  $৩২ \times ৩$  এর ——— ৯৬।উত্তর :  $৩২ \times ৩$  এর গুণফল ৯৬।

৬. ১ সপ্তাহে ৭ দিন হলে ৫ সপ্তাহে ——— দিন।

উত্তর : ১ সপ্তাহে ৭ দিন হলে ৫ সপ্তাহে ৩৫ দিন।

৭.  $৮ \times ৭ = ৫৬$ । এটি একটি ——— বাক্য।উত্তর :  $৮ \times ৭ = ৫৬$ । এটি একটি গাণিতিক বাক্য।৮.  $৩৩ \times ২ =$  ———?উত্তর :  $৩৩ \times ২ = ৬৬$ ?

৯. ২০ জোড়ায় ——— টি।

উত্তর : ২০ জোড়ায় ৪০টি।

১০. ৪১ ও ৪ এর গুণফল ———।

উত্তর : ৪১ ও ৪ এর গুণফল ১৬৪।

## ● মিলকরণ :

প্রশ্ন ১। বামপাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল কর।

বাম	ডান
(ক) এক জোড়া সমান	একটি গাণিতিক বাক্য
(খ) ১ সপ্তাহে	৫৬ দিন
(গ) $৩ \times ৪ = ১২$	২টি
(ঘ) ০ দিয়ে গুণ করলে	৭ দিন
(ঙ) ৮ সপ্তাহে	গুণফল ০ হয়

উত্তর :

- (ক) এক জোড়া সমান — ২টি।  
 (খ) ১ সপ্তাহে — ৭ দিন।  
 (গ)  $৩ \times ৪ = ১২$  — একটি গাণিতিক বাক্য।  
 (ঘ) ০ দিয়ে গুণ করলে — গুণফল ০ হয়।  
 (ঙ) ৮ সপ্তাহে — ৫৬ দিন।

প্রশ্ন ২। দাগ টেনে মিল কর।

(ক) সংখ্যা বিনিময় করলে	৮টি
(খ) $৯ \times ৭ =$	গুণফল পাওয়া যায়
(গ) $১২ \times ৪ =$	গুণফল ভিন্ন হয়
(ঘ) ৪ জোড়ায়	গুণফল পরিবর্তন হয় না
(ঙ) দুটি সংখ্যা গুণ করলে	৬৩
	৪৮

উত্তর : দাগ টেনে মিল করি :

(ক) সংখ্যা বিনিময় করলে	৮টি
(খ) $৯ \times ৭ =$	গুণফল পাওয়া যায়
(গ) $১২ \times ৪ =$	গুণফল ভিন্ন হয়
(ঘ) ৪ জোড়ায়	গুণফল পরিবর্তন হয় না
(ঙ) দুটি সংখ্যা গুণ করলে	৬৩
	৪৮

সমস্যা সমাধান  $\oplus \ominus$  বিশ্লেষণীয় প্রশ্নগুলো সমাধান করি

প্রশ্ন ১। একটি খালায় ৩টি পেয়ারা সাজানো যায়। ৪টি খালা সাজাতে কয়টি পেয়ারা প্রয়োজন?

সমাধান : ১টি খালায় পেয়ারা সাজানো যায় ৩টি

$$৪টি খালায় পেয়ারা সাজানো যায়  $৩ \times ৪$  টি  
 $= ১২$  টি$$

৪টি খালা সাজাতে ১২টি পেয়ারা প্রয়োজন।

প্রশ্ন ২। ১টি গাড়ির ৪টি চাকা রয়েছে। ৫টি গাড়ির জন্য কতটি চাকার প্রয়োজন?

সমাধান : ১টি গাড়ির চাকা আছে ৪টি।

$$৫টি গাড়ির চাকা আছে  $৪ \times ৫$  টি = ২০টি$$

৫টি গাড়ির জন্য ২০টি চাকার প্রয়োজন।

প্রশ্ন ৩। রাজুর বাবা এক সপ্তাহে ৬ দিন কাজ করেন। তিনি ৭ সপ্তাহে কতদিন কাজ করেন?

সমাধান : ১ সপ্তাহে কাজ করেন ৬ দিন

$$৭ সপ্তাহে কাজ করেন  $৬ \times ৭$  দিন = ৪২ দিন$$

রাজুর বাবা ৭ সপ্তাহে ৪২ দিন কাজ করেন।

প্রশ্ন ৪। ৪টি বক্সের প্রতিটিতে ১২টি করে চকলেট আছে। সেখানে কতগুলো চকলেট আছে?

সমাধান : ১টি বক্সে চকলেট আছে ১২টি

$$৪টি বক্সে চকলেট আছে  $১২ \times ৪$  টি = ৪৮ টি$$

৪টি বক্সে মোট ৪৮টি চকলেট আছে।

প্রশ্ন ৫। একজন মানুষের দুই হাতে মোট ১০টি আঙ্গুল আছে। এরকম ৮ জন মানুষের হাতে কতটি আঙ্গুল রয়েছে?

সমাধান : ১ জন মানুষের দুই হাতে আছে ১০ টি আঙ্গুল

$$৮ জন মানুষের দুই হাতে আছে  $১০ \times ৮$  টি আঙ্গুল  
 $= ৮০$  টি আঙ্গুল$$

৮ জন মানুষের দুই হাতে ৮০ টি আঙ্গুল আছে।

প্রশ্ন ৬। যদি আমরা প্রতিদিন ৫ টাকা করে জমা করি, তবে ৭ দিনে আমরা কত টাকা জমা করতে পারব?

সমাধান : ১ দিনে জমা করি ৫ টাকা

$$৭ দিনে জমা করি  $৫ \times ৭$  টাকা = ৩৫ টাকা$$

আমরা ৭ দিনে ৩৫ টাকা জমা করতে পারব।

প্রশ্ন ৭। টিটুর বাবা এক দিনে ৮ ঘণ্টা কাজ করেন। যদি তিনি ৬ দিন কাজ করেন, তবে কত ঘণ্টা কাজ হবে?

সমাধান : রাজুর বাবা ১ দিনে কাজ করেন ৮ ঘণ্টা

$$৬ দিনে কাজ করেন  $৮ \times ৬$  ঘণ্টা  
 $= ৪৮$  ঘণ্টা$$

টিটুর বাবা ৬ দিনে ৪৮ ঘণ্টা কাজ করেন।

প্রশ্ন ৮। মিতু ৪টি রূপকথার বই কিনতে চায়। প্রতিটি বইয়ের মূল্য ২৫ টাকা। বই কিনতে তার কত টাকা লাগবে?

সমাধান : ১টি বইয়ের মূল্য ২৫ টাকা

$$৪টি বইয়ের মূল্য  $২৫ \times ৪$  টাকা = ১০০ টাকা$$

বই কিনতে মিতুর ১০০ টাকা লাগবে।

প্রশ্ন ৯। একটি শ্রেণিকক্ষে ৮টি বেঞ্চ আছে। একটি বেঞ্চে ৫ জন ছাত্র বসতে পারে। শ্রেণিকক্ষে মোট কতজন ছাত্র বসতে পারবে?

সমাধান : ১টি বেঞ্চে বসে ৫ জন

$$৮টি বেঞ্চে বসে  $৫ \times ৮$  জন = ৪০ জন$$

শ্রেণিকক্ষে মোট ৪০ জন ছাত্র বসতে পারবে।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য ফাঁকা স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

মূল্যায়ন ক্ষেত্র	শিখনযোগ্যতা/ নির্দেশক	প্রারম্ভিক	ভালো	উত্তম
জ্ঞান	• যোগ ও গুণ চিহ্ন চিনে উল্লেখ করতে পেরেছে।			
	• ৫ এর নামতা বলতে পেরেছে।			
	• ২ ও ৫ দ্বারা অনুর্ধ্ব দুই সংখ্যা গুণ করে ফলাফল বলতে পেরেছে।			
	• ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ এর নামতা বলতে পেরেছে।			
	• ৩ এর নামতা ব্যবহার করে বাস্তবভিত্তিক সমস্যার গাণিতিক বাক্য লিখতে ও ফলাফল বের করতে পেরেছে।			
	• ০ এর নামতা বলতে পেরেছে।			
	• প্রশ্নোত্তরের সময় উত্তরগুলো যথাযথভাবে দিয়েছে।			
	• সংখ্যা বিনিময় করে গুণ করলে গুণফলের যে পরিবর্তন হয় না তা বলতে পেরেছে।			
	• হাতে না রেখে অনুর্ধ্ব দুই অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দ্বারা গুণ করার কৌশল বলতে পেরেছে।			
	• বাস্তব সমস্যার গাণিতিক বাক্য তৈরি করতে পেরেছে।			
দক্ষতা	• গুণ চিহ্ন ব্যবহার করে হিসাব করতে পেরেছে।			
	• সঠিকভাবে গুণ করে বস্তুর মোট সংখ্যা প্রকাশ করতে পেরেছে।			
	• ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ এর নামতা ব্যবহার করে বাস্তবভিত্তিক সমস্যার গাণিতিক বাক্য লিখতে ও ফলাফল বের করতে পেরেছে।			
	• ০ এর নামতা ব্যবহার করে বাস্তবভিত্তিক সমস্যার গাণিতিক বাক্য লিখতে ও ফলাফল বের করতে পেরেছে।			
	• নামতার ছক থেকে সংখ্যার বিভিন্ন প্যাটার্ন খুঁজে পেয়েছে।			
দৃষ্টিভঙ্গি	• একই গুণফল রেখে ভিন্ন ভিন্নভাবে ও বিনিময় করে দুটি সংখ্যার গুণ প্রদর্শন করতে পেরেছে।			
	• হাতে না রেখে অনুর্ধ্ব দুই অঙ্কের সংখ্যাকে এক অঙ্কের সংখ্যা দ্বারা গুণ করতে পেরেছে।			
	• বাস্তব সমস্যা বিশ্লেষণ করে বুঝে গুণ করে সঠিক ফলাফল বের করতে পেরেছে।			
	• আগ্রহের সাথে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করেছে।			
মূল্যবোধ	• ৫ এর নামতা ব্যবহার করে হাতের আঙুল গণনা করতে উৎসাহ বোধ করেছে।			
	• শিক্ষার্থীদের প্রতি জনে ২টি চোখ আছে তাই বস্তুর সংখ্যা বাড়িয়ে চোখের সংখ্যা বের করতে আনন্দিত হয়েছে।			
	• একক কাজ সমাপ্ত করে উৎসাহের সাথে শিক্ষককে দেখিয়েছে।			
	• নিজেরাই ১, ৩, ৪, ৬, ৭, ৮, ৯, ১০ ডটের ডোমিনো তৈরি ও ব্যবহার করেছে।			
	• উৎসাহের সাথে সমাধান করে আগেভাগে শিক্ষককে দেখানোর চেষ্টা করেছে।			
	• জোড়ায় কাজের সময় একে অপরকে সহযোগিতা করেছে।			
• অনুশীলনের কাজগুলো উৎসাহের সাথে দ্রুত সম্পন্ন করেছে।				

## ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন নিজেকে মূল্যায়ন করি

তারিখ : 

ধারাবাহিক মূল্যায়ন-০১

সময় : .....

শিক্ষার্থীর নাম : .....

শ্রেণি : .....

রোল নম্বর : 

১ ▶ সংক্ষেপে উত্তর লিখ :


(ক)  $\times$  প্রতীককে কি বলে?(খ)  $৫ \times ৮ =$  কত?

(গ) সবুজ প্রতিদিন ৬ ঘণ্টা বই পড়ে। সে ৪ দিনে কত ঘণ্টা বই পড়ে?

(ঘ) ৪৩ কে ৩ দ্বারা গুণ করলে গুণফল কত হবে?

২ ▶ গুণের নামতার সাহায্যে খালি জায়গা পূরণ কর :

(ক)



(খ)



৩ ▶ ডানপক্ষের সাথে বামপক্ষের মিল করি :

বাম	ডান
(ক) এক জোড়া সমান	একটি গাণিতিক বাক্য
(খ) ১ সপ্তাহে	২টি
(গ) $৩ \times ৪ = ১২$	৭ দিন
(ঘ) ০ দিয়ে গুণ করলে	গুণফল ০ হয়

৪ ▶ ১টি গাড়ির ৪টি চাকা রয়েছে। ৫টি গাড়ির জন্য কতটি চাকার প্রয়োজন ?

### উত্তরমালা


১ ▶ (ক) গুণ চিহ্ন;

(খ) ৪০;

(গ) ২৪ ঘণ্টা;

(ঘ) ১২৯

২ ▶ (ক)



(খ)



৩ ▶ (ক) এক জোড়া সমান — ২টি।

(খ) ১ সপ্তাহে — ৭ দিন।

(গ)  $৩ \times ৪ = ১২$  — একটি গাণিতিক বাক্য।

(ঘ) ০ দিয়ে গুণ করলে — গুণফল ০ হয়।

৪ ▶ ৪০২ পৃষ্ঠার ২নং প্রশ্ন ও সমাধান দ্রষ্টব্য।

মূল্যায়ন রিপোর্ট ▶

প্রাপ্ত নম্বর শিখনের অর্জিত মাত্রা তারিখ : 

ধারাবাহিক মূল্যায়ন-০২

সময় : .....

শিক্ষার্থীর নাম : .....

শ্রেণি : .....

রোল নম্বর : 

১ ▶ সংক্ষেপে উত্তর লিখ :

(ক)  $৪ \times ২ = ৮$ , বাক্যটি কীভাবে পড়তে হয়?

(খ) একটি রিক্সায় ৩টি চাকা আছে। এরূপ ৫টি রিক্সায় চাকার সংখ্যা কত?

(গ)  $৬ \times ৭ =$  কত?(ঘ)  $৩২ \times ৩ =$  কত?

২ ▶ শূন্যস্থান পূরণ কর :

(ক) ১ সপ্তাহে — দিন।

(খ)  $৩২ \times ৩$  এর — ৯৬।(গ)  $৩৩ \times ২ =$  — ?

(ঘ) ৪১ ও ৪ এর গুণফল — ।

৩ ▶ মিতু ৪টি রূপকথার বই কিনতে চায়। প্রতিটি বইয়ের মূল্য ২৫ টাকা। বই কিনতে তার কত টাকা লাগবে ?

### উত্তরমালা

১ ▶ (ক) ৪ গুণ ২ সমান ৮; (খ) ১৫টি;

(গ) ৪২;

(ঘ) ৯৬

২ ▶ (ক) ৭; (খ) গুণফল; (গ) ৬৬; (ঘ) ১৬৪

৩ ▶ ৪০২ পৃষ্ঠার ৮নং প্রশ্ন ও সমাধান দ্রষ্টব্য।

মূল্যায়ন রিপোর্ট ▶

প্রাপ্ত নম্বর শিখনের অর্জিত মাত্রা